**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**22 AUGUST 2024** **7:35 AM IST**

==========================================================================

আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশন আজ থেকে দিসপুরে শুরু হচ্ছে । আগামী ৩০শে আগস্ট পর্যন্ত এই অধিবেশন চলবে । এবারের শরৎকালীন অধিবেশনে রাজস্ব বিভাগের দুটি বিল উত্থাপনের সম্ভাবনা রয়েছে । এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরের মঞ্জুরীর জন্য পরিপূরক দাবী উত্থাপন করা হবে । এছাড়া সরকারী বিলও উত্থাপনের সম্ভাবনা রয়েছে । আগামী ২৭শে আগস্ট সংকল্প প্রস্তাব এবং অন্য কয়েকটি বিল উত্থাপনের সম্ভাবনা রয়েছে । ২৮শে আগস্ট পরিপূরক মঞ্জুরীর জন্যে দাবীগুলির উপর আলোচনা ও ভোটদান হবে বলে জানা গেছে । এবারে অধিবেশনে বিরোধী পক্ষ স্মার্ট মিটার বসানোর ফলে বিদ্যুৎ মাশুল বৃদ্ধি, গুয়াহাটির কৃত্রিম বন্যা পরিস্থিতি, মূল্যবৃদ্ধি সহ বেশকয়েকটি বিষয় নিয়ে আলোচনার দাবী জানাবে । এদিকে অধিবেশনের আগে গতকাল অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারীর পৌরহিত্যে আসাম বিধানসভার নতুন ভবনে সর্ব দলীয় বৈঠক অনুষ্ঠিত হয় । এই বৈঠকে উপাধ্যক্ষ ডাঃ নোমল মুমিন, মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী, পীযূষ হাজারিকা, বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া সহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা তিনদিনের সফরসূচী নিয়ে আজ বরাক উপত্যকায় আসছেন । মূখ্যমন্ত্রী কুম্ভীরগ্রাম বিমান বন্দরে অবতরণ করে পরে দুপুর আড়াইটায় লক্ষ্মীপুরের শিলঘাটে বরাক নদীর উপর ৩৪০ মিটার দীর্ঘ আর সি সি

সেতুর শিলান্যাস করবেন । এরপর বিকেল চারটায় ডঃ শর্মা ধলাই বিধানসভার অর্ন্তগত বড়জালেঙ্গায় মডেল ডিগ্রী কলেজের ভূমি পূজা করবেন । মুখ্যমন্ত্রী আগামীকাল হাইলাকান্দি রবীন্দ্র ভবনে দলীয় কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবেন । আগামী শনিবার সকালে মূখ্যমন্ত্রী ডঃ শর্মার পুনরায় শিলচরে কয়েকটি কার্যসূচীতে যোগ দেবেন বলে জানা গেছে ।

---

মূখ্যমন্ত্রী ডঃ শর্মা আগামীকাল করিমগঞ্জ জেলা সফর করবেন । মূখ্যমন্ত্রী দুপুর একটায় করিমগঞ্জ পৌছে জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে দলীয় কর্মকর্তাদের সঙ্গে একটি সভায় যোগ দেবেন । মূখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরী , পর্য্যটন বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়াও উপস্থিত থাকবেন ।

---

আসামে রাজ্যসভার  দুটি আসনের জন্য বিজেপির প্রার্থী প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রামেশ্বর তেলি ও প্রাক্তন বিধায়ক মিশন রঞ্জন দাস গতকাল মনোনয়ন পত্র জমা করেছেন । মনোনয়ন পত্র জমা করার সময় আসাম রাজ্য বিজেপির সভাপতি ভবেশ কলিতা, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, রাজ্যের বেশকয়েকজন মন্ত্রী, বিধায়ক এবং ক্ষমতাসীন মিত্রজোটের কয়েকজন প্রবীণ নেতা উপস্থিত ছিলেন । উল্লেখ্য  সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপটে রাজ্যে বিজেপি’র হয়ে মনোনয়ন পত্র জমা করা উভয় প্রার্থীই বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হওয়ার বিষয়টি প্রায় নিশ্চিত হয়ে পড়েছে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ আগামী দু দিন আসাম সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়ে কমলা সতকর্তা জারি করেছে । বিভাগের পক্ষ থেকে এই সময়ে বাংলাদেশের মধ্যভাগে সৃষ্টি হওয়া নিম্নচাপের প্রভাবে আসাম , অরুণাচল প্রদেশ , মেঘালয় , নাগালেন্ড

, মণিপুর ,মিজোরাম ,ত্রিপুরা ও সিকিমে অবিরাম বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানানো হয়েছে । এদিকে অবিরাম বৃষ্টিপাতের ফলে গতকাল ত্রিপুরার খোয়াই জেলায় লাল সংকেত জারি করা হয়েছে ।
এদিকে অবিরাম বৃষ্টিপাতের ফলে করিমগঞ্জের কুশিয়ারা নদী বিপদসীমার ৩৭ সেন্টিমিটার উপরে এবং মাটিজুড়িতে কাটাখাল নদী বিপদসীমার এক মিটার ২০ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । দুটো নদীতে ই জল বাড়ছে ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদব গতকাল করিমগঞ্জ সিভিল হাসপাতালে একটি নতুন আধার এনরোলমেন্ট কেন্দ্রের উদ্বোধন করেছেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রী যাদব স্বাস্থ্য সেবা প্রদানে আধার পরিষেবার গুরুত্বের উপর জোর দেন । জেলা আয়ুক্ত এই কেন্দ্রটি আধার এনরোলমেন্ট , আপডেট এবং আয়ুষ্মান ভারত স্বাস্থ্য অ্যাকাউন্ট তৈরীর জন্য একটি সুবিধাজনক অবস্থান প্রদানের মাধ্যমে জেলার নাগরিকদের উপকৃত করবে বলে আশা প্রকাশ করেছেন । উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত জেলা আয়ুক্ত আনিস রসুল মজুমদার , সিভিল হাসপাতালের সুপারেনডেন্ট ডক্টর লিপি দেব , জাতীয় স্বাস্থ্য মিশনের ডি পি এম হানিফ মোহম্মদ কৌশর প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে আজ দুপুর ১২টার মধ্যে করিমগঞ্জ শহরে থাকা তিন চাকা ও চার চাকার গাড়ির অবৈধ স্ট্যান্ডগুলি উচ্ছেদ করার নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তীতে সাধারন জনগন , বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী , যানবাহনের সুষ্ঠু ও মসৃন চলাচলের জন্য ওই স্ট্যান্ডগুলি শহরের বাইরে বসানোর নির্দেশ দেওয়া হয়েছে । জেলা আয়ুক্ত আজ উচ্ছেদ অভিযান সুষ্টুভাবে পরিচালনা করতে চক্র আধিকারীককে নির্দেশ দিয়েছেন ।

---

করিমগঞ্জ জেলায় গত কয়েকদিনের অবিরাম বৃষ্টিপাতের ফলে  জেলার কুশিয়ারা ,লঙ্গাই ও সিংলা নদীর জল বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে । আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন যে জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের বিস্তীর্ন এলাকা বিশেষ করে ডেঙ্গারবন্দ , হাতিখিরা , বৈঠাখাল ,কলকলিবস্তি, চান্দঁখিরা ,কচুবাড়ী সহ আরো কয়েকটি গ্রামে বন্যার জল প্রবেশের খবর পাওয়া গেছে ।
এদিকে পাথারকান্দির বিধায়ক কৃষনেন্দু পাল গতকাল বন্যা প্রভাবিত কচুবাড়ী এলাকা পরিদর্শন করে পরিস্থিতি সর্ম্পকে অবগত হয়েছেন ।

---

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় জামালপুর এফ সি খেলবে ভাগার বাম ডেভোলাপমেন্ট এফ সি-র বিরুদ্ধে ।
স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় কর্কট এফ সি ২-০ গোলের ব্যবধানে মণিপুরী ওয়েলফেয়ার সোসাইটিকে পরাজিত করেছে ।
গতকালের সেরা খেলোয়াড় হিসেবে এলকানার হাতে  অধ্যাপক ওয়াই প্রফুল্ল সিংহ ট্রফি তুলে দিয়েছেন ।

---

পালংঘাটের মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামা প্রসাদ মুর্খাজী স্মৃতি প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় পানিভরা এফ সি মুখোমূখি হবে নাইন ফ্রেন্ডস এফ সি-র বিরুদ্ধে ।
স্থানীয় চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় এলেভেন ব্রাদার্স এফ সি ১-০ গোলে আমড়াঘাটের এন স্টোর এফ সি-কে পরাজিত করে।

---

---